

মাননীয়,

নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ফেনী,
জেলা- ফেনী।

নারী ও শিশু মামলা নং- /২২ইং

রাষ্ট্র /
বাদী

বনাম

মোঃ নূর ইসলাম
আসামী

বিষয়:- আসামী পক্ষে পূর্বশর্তে পুনঃ জামিনের প্রার্থনা।

ধারা:- নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধনী/০৩) এর
১১/(গ)/৩০।

নিবেদন এই,

অদ্য অত্র মামলার ধার্য্য তারিখ বটে। আসামী সম্পূর্ণ নির্দোষ ব্যক্তি হয়। বর্তমানে আসামী স্থায়ী জামিনে আছে। বাদিনীর সহিত আসামীর অত্র বিষয়ে ০৯/১১/২০২১ইং তারিখে আপোষ হইয়াছে। তফশিলোক্ত আসামীকে বিগত ২১/১০/২০২১ইং তারিখে গ্রেফতার করিয়া জেল হাজতে প্রেরণ করা হয়। অত্র আসামী বিগত ২১/১০/২০২১ইং তারিখ হইতে ২০ দিন জেল হাজতে মানবেতর জীবনযাপন করিবার পর ০৯/১১/২০২১ইং তারিখে বিজ্ঞ দায়রা জজ আদালত ৬৯৪/২০২১ইং নং দায়রা মিস মামলা শুনানি করিয়া অত্র আসামীকে ০৬/১২/২০২১ইং তারিখ পর্যন্ত জামিনে মুক্তি দান করিয়াছেন। পরবর্তীতে বিজ্ঞ আমলী আদালত হইতে ০৬/১২/২০২১ইং তারিখে আসামী স্থায়ী জামিন প্রাপ্ত হন। আসামীর পূণ জামিন হইলে কোন শর্তের অপব্যবহার করিবেনা এবং সকল ধার্য্য তারিখে আসামী হাজির থাকিবে। বক্রী শুনানিকালে বাচনিক নিবেদন করা হইবে।

অতএব, মাননীয় আদালত দয়া বিতরণে অত্র দরখাস্ত গ্রহণ করতঃ বর্ণিত অবস্থা ও কারণাধীনে এবং ন্যায় বিচারে অত্র আসামীর প্রার্থনামতে পূণ জামিনের আদেশ দানে মর্জি হয়।

তফশীল আসামীর নাম

মোঃ নূর ইসলাম, সাং-নেয়াজপুর, থানা- ফেনী সদর, জেলা-ফেনী।

ইতি তাং-